গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# দোহার পৌরসভা কার্যালয়
জয়পাড়া, দোহার, ঢাকা
www.doharmunicipality.gov.bd

স্মারক নং-৪৬.৬০.২৬১৮.১০১.১৮.০০৬.২৫-২০

তারিখ: ১ মাঘ ১৪৩১
১৫ জানুয়ারি ২০২৫

## জয়পাড়া দেবীনগর হাট বাজার ও সায়রাত মহাল ইজারার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দোহার পৌরসভার নিয়ন্ত্রণাধীন **"জয়পাড়া দেবীনগর হাট-বাজার ও সায়রাত মহাল** (জয়পাড়া বাজার বোট/ ট্রলার ঘাট, জয়পাড়া বাজার ও বড় মাঠ সংলগ্ন গোদারা ঘাট এবং লটাখোলা লাকরীর মহাল)" *বাংলা ১৪৩২ সালের জন্য (১লা বৈশাখ হইতে ৩০ শে চৈত্র, ১৪৩২) ১ (এক) বৎসর* মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্তে নিম্নবর্ণিত সময়সূচী অনুযায়ী ***সীলমোহরযুক্ত*** বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

| ইজারা প্রদানের বিষয় | কাঙ্খিত সরকারি মূল্য (বিগত ৩ বৎসরের ইজারা মূল্যের গড়ের সাথে অতিরিক্ত ৬% বৃদ্ধিসহ) | সরকারি বিধি মোতাবেক সিডিউলের মূল্য (অফেরতযোগ্য) |
|---|---|---|
| জয়পাড়া দেবীনগর হাট-বাজার ও সায়রাত মহাল (জয়পাড়া বাজার বোট/ ট্রলার ঘাট, জয়পাড়া বাজার ও বড় মাঠ সংলগ্ন গোদারা ঘাট এবং লটাখোলা লাকরীর মহাল) | ১,১১,৯২,৩২৮/- | ২৩,৪০০/- |

## দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচী

| বিবরণ | দরপত্র বিক্রয় শুরু ও বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ ও সময় | প্রাপ্ত দরপত্রসমূহ সংগ্রহ পূর্বক খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ম বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৫.০১.২০২৫ হতে ১১.২.২০২৫ পর্যন্ত | ১২.২.২০২৫ দুপুর ১২:০০ টা পর্যন্ত | ১২.২.২০২৫ বিকেল ৪:০০ মিনিট | উল্লেখিত তারিখ অনুযায়ী প্রয়োজন বোধে পর্যায়ক্রমে দরপত্র আহ্বান অব্যাহত থাকবে। তবে, যে কোনবার দরপত্র অনুমোদিত হলে পরবর্তীতে দরপত্র সংক্রান্ত সকল কার্যক্রম স্থগিত মর্মে গণ্য হবে। |
| ২য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ১৩.২.২০২৫ হতে ২.৩.২০২৫ পর্যন্ত | ৩.৩.২০২৫ দুপুর ১২:০০ টা পর্যন্ত | ৩.৩.২০২৫ বিকেল ৪:০০ মিনিট | |
| ৩য় বার দরপত্র বিজ্ঞপ্তি | ৪.৩.২০২৫ হতে ১৯.৩.২০২৫ পর্যন্ত | ২০.৩.২০২৫ দুপুর ১২:০০ টা পর্যন্ত | ২০.৩.২০২৫ বিকেল ৪:০০ মিনিট | |

**দরপত্র বিক্রয়ের বিবরণ:**

১. দরপত্রে বর্ণিত দিনে অফিস চলাকালীন সময় পর্যন্ত (ক) দোহার পৌরসভা কার্যালয় ছাড়াও (খ) জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা (গ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা (ঘ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, দোহার, ঢাকা (ঙ) ব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিঃ, জয়পাড়া শাখা, দোহার, ঢাকা এবং (চ) ভারপ্রাপ্ত কর্মকর্তা, দোহার থানা, দোহার, ঢাকা এর কার্যালয় হতে নির্ধারিত নগদ মূল্যে (অফেরতযোগ্য) ক্রয় করা যাবে।

**দরপত্র গ্রহণ ও খোলার বিবরণ:**

২. দরপত্র সমূহ দুপুর ১২:০০ টা পর্যন্ত (ক) দোহার পৌরসভা কার্যালয় (খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা (গ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, দোহার, ঢাকা (ঘ) পুলিশ সুপারের কার্যালয়, ঢাকা এবং (ঙ) জেলা প্রশাসক, ঢাকা -এর কার্যালয়ে রক্ষিত টেন্ডার বাক্সে ইজারা দরপত্র বিজ্ঞপ্তিতে উল্লেখিত দিনে গ্রহণ করা হইবে এবং উল্লেখিত দিন ও সময়ে পৌর কার্যালয়ে দরপত্র দাতাদের উপস্থিতিতে তাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে।

**ইজারার শর্তাবলী:**

৩. দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লেখিত দরের ৩০% (শতকরা ত্রিশ ভাগ) অর্থ জামানত হিসাবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার এর মাধ্যমে (চেক গ্রহণযোগ্য নয়) মেয়র, দোহার পৌরসভা এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে। উক্ত টাকা হতে ২৫% অর্থ ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকবে যা বিধি মোতাবেক ফেরতযোগ্য।

পরবর্তী পৃষ্ঠা-২

Office Phone : 0088-02-7768116, 0088-02-7768117, Fax : 0088-02-7768087, email : doharpourashava@gmail.com

৪. গৃহীত বা অনুমোদিত দরদাতাকে (কৃতকার্য দরপত্র দাতা) তার দাখিলকৃত দরের উপর সরকারী বিধি মোতাবেক ১৫% ভ্যাট এবং ১০% আয়কর সংশ্লিষ্ট খাতে জমা দিতে হবে।

৫. দরপত্র গৃহীত হওয়ার ৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাখিলকৃত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা পঁচাত্তর ভাগ) অর্থ পরিশোধ করতে হবে। অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্তপূর্বক পুণরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হবে।

৬. প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর গ্রহণ করা হবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহলে পুণরায় দরপত্র আহ্বান করা হবে।

৭. দরপত্র গ্রহণের দিন কোন দরপত্র সিডিউল বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় ব্যবহার করা যাবে না।

৮. খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৯. দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করতে হবে।

১০. কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।

১১. পৌর কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/০১/২৫
তানিয়া তাবাসসুম
প্রশাসক
দোহার পৌরসভা, ঢাকা।

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:**

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. জেলা প্রশাসক, ঢাকা।
৩. উপজেলা নির্বাহী অফিসার, দোহার, ঢাকা।
৪. সহকারী কমিশনার (ভূমি), দোহার, ঢাকা।
৫. নির্বাহী প্রকৌশলী, দোহার পৌরসভা, ঢাকা।
৬. পৌর নির্বাহী কর্মকর্তা, দোহার পৌরসভা, ঢাকা।
৭. অফিসার ইন-চার্জ, দোহার থানা, ঢাকা।
৮. ব্যবস্থাপক, সোনালী ব্যাংক, জয়পাড়া শাখা, দোহার, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, দোহার পৌরসভা।
১০. সম্পাদক, দৈনিক সমকাল, টাইমস মিডিয়া লি. ৩৮৭, তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮। আগামী ২২ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় (৩ কলাম X ৯ইঞ্চি সাইজে) একদিন একটি সংখ্যা প্রচারের জন্য অনুরোধ করা হলো। বিজ্ঞপ্তি বিল অত্র কার্যালয়ে প্রেরণ করা হলে যথারীতি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে তা পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।
১১. সম্পাদক, জাগ্রত জনতা, জয়পাড়া, দোহার, ঢাকা। আগামী ২২ জানুয়ারি ২০২৫ তারিখের মধ্যে উপরোক্ত বিজ্ঞপ্তিটি আপনার পত্রিকার ভিতরের পাতায় (৩ কলাম X ৯ইঞ্চি সাইজে) একটি সংখ্যা প্রচারের জন্য অনুরোধ করা হল। বিজ্ঞপ্তি বিল অত্র কার্যালয়ে প্রেরণ করা হলে যথারীতি একাউন্টপেয়ী চেকের মাধ্যমে তা পরিশোধের ব্যবস্থা নেয়া হবে।
১২. জনাব মো: দেলোয়ার হোসেন মাঝি, বর্তমান ইজারাদার, জয়পাড়া-দেবীনগর হাট বাজার, দোহার, ঢাকা।
১৩. নোটিশ বোর্ডঃ (ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, দোহার, ঢাকা (খ) সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, দোহার, ঢাকা (গ) উপজেলা স্বাস্থ্য কেন্দ্র, দোহার, ঢাকা (ঘ) পোস্ট অফিস, দোহার, ঢাকা (ঙ) জয়পাড়া বাজার ব্যবসায়ী বহুমূখী সমবায় সমিতি অফিস, দোহার, ঢাকা, (চ) পুলিশ স্টেশন, দোহার, ঢাকা (ছ) সাব-রেজিস্ট্রার অফিস, দোহার, ঢাকা (জ) কুসুমহাটি তহসিল অফিস, দোহার, ঢাকা এবং (ঝ) দোহার পৌরসভা কার্যালয়।
১৪. অফিস নথি।

**অনুলিপি: জ্ঞাতার্থে**

১. জনাব ..............................................................., সদস্য (সকল), ওয়ার্ড নং- ...... , দোহার পৌরসভা, ঢাকা।